# ঈদের আলোচিত নাটক

*বড় পর্দা আর ওটিটি প্লাটফর্মের পাশাপাশি ছোটপর্দায় নতুন কাজ নিয়েও থাকে দর্শকদের আগ্রহ। ঈদকে কেন্দ্র করে প্রতিবছর অনেক নাটক নির্মিত হয়। ছোটপর্দার নির্মাতারা ঈদে নিজেদের নতুন নির্মাণ নিয়ে হাজির হোন দর্শকদের কাছে। ঈদের আলোচিত কাজগুলো নিয়ে এবারের আয়োজন।*




## কিডনি - কাজল আরেফিন অমি

এবারের ঈদে নির্মিত নাটকের মধ্যে সবচেয়ে আলোচনায় এবং ইউটিউব ট্রেন্ডিংয়ে শীর্ষে ছিল কাজল আরেফিন অমি নির্মিত 'কিডনি'। নাটকটি 'ক্লাব ১১' এন্টারটেইনমেন্ট চ্যানেলে মুক্তি পায়। ৫৪ মিনিট দৈর্ঘ্যের নাটকটিতে অভিনয় করেছেন জিয়াউল হক পলাশ, পারসা ইভানা, চাষী আলম, সুমন পাটওয়ারী, শিমুল শর্মা। অর্থের লোভে গ্রামের সহজ-সরল মানুষকে ফাঁদে ফেলা প্রতারক চক্র নিয়ে নাটকটির গল্প। মজার ছলে গল্প বলে দর্শকের কাছে বার্তা দিতে চেয়েছেন পরিচালক। গল্প প্রশংসিত হলেও নাটকটির সংলাপ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আপত্তি তুলেছেন অনেক দর্শক। এছাড়াও কাজল আরেফিন অমির ঢাকার নাখালপাড়ার ব্যাটারির গলির গল্পে 'ফিমেল ৩' নাটকটি এবারের ঈদে বেশ সাড়া ফেলেছে।




## পুনর্জন্ম অন্তিম পর্ব - ভিকি জাহেদ

ভিকি জাহেদের সাড়া জাগানো 'পুনর্জন্ম' নাটকের অন্তিম পর্ব এবারের ঈদে মুক্তি পায়। নাটকের তিন কিস্তি দর্শক মহলে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। ডার্ক-থ্রিলার ও সাসপেন্সে ভরা নাটকটির মূল চরিত্রে অভিনয় করেন আফরান নিশো ও মেহজাবীন চৌধুরী। 'পুনর্জন্ম ৩' এর গল্প যেখানে শেষ হয়েছে সেখান থেকেই 'পুনর্জন্ম' এর অন্তিম পর্বের গল্প শুরু হয়। নাটকে আরও অভিনয় করেছেন নওশাবা, শাহেদ আলী, মুকুল সিরাজ, খায়রুল বাসার ও আব্দুল্লাহ সেন্টুসহ অনেকে। ২০২১ সালের জুলাইতে চ্যানেল আইয়ের উদ্যোগে 'পুনর্জন্ম' নির্মিত হয়েছিল। প্রথম কিস্তিতে নাটকটি ব্যাপকভাবে আলোচিত হয়। এরপর একই বছরের অক্টোবরে প্রচারিত হয় 'পুনর্জন্ম ২'। সর্বশেষ ১ অক্টোবর 'পুনর্জন্ম ৩' রিলিজ পায়। জাহান সুলতানার চিত্রনাট্যে ভিকি জাহেদের 'আঁধার' নাটকটিও বেশ সাড়া ফেলেছে এবারের ঈদে।

## কঞ্জুস ২ - মহিদুল মহিম




মহিদুল মহিম পরিচালিত নাটক 'কঞ্জুস' নাটকটি এবারের ঈদে বেশ আলোচনায় ছিল। চেনা গল্পের ভিন্ন উপস্থাপনার এ নাটকটি মুক্তির পর থেকে দারুণ সাড়া ফেলে দর্শক মহলে। তানজিন তিশা ও মুশফিক ফারহান অভিনীত নাটকটিতে ফান, ইমোশনের পাশাপাশি সামাজিক বার্তাও দেওয়া হয়েছে। এছাড়া মহিদুল মহিমের পরিচালনায় 'লাভ ইউ হেইট ইউ' ও 'সুইট হোম' নাটক দুটি দারুণ সাড়া পেয়েছে।

## আজ আকাশে চাঁদ নেই - মারুফ হোসেন সজীব




খায়রুল বাসার ও সাদিয়া আয়মান জুটির কাজ দর্শক বেশ পছন্দ করে থাকে। এবারের ঈদে 'আজ আকাশে চাঁদ নেই' নাটকে অভিনয় করে বেশ প্রশংসা কুড়িয়েছেন তারা। কাজী অফিসে বরের অপেক্ষায় কন্যা। কিন্তু বর আসেনি। কন্যা বিয়ে না করে বাড়ি ফিরে যাবে না। বিয়ের সাক্ষী হতে আসা অপরিচিত এক ছেলেকে বিয়ের প্রস্তাব দেয় মেয়েটি। ছেলেটি অবাক না হয়ে রাজি হয়। গল্পের শুরু এখান থেকেই। এরপর ঘটতে থাকে নানান ঘটনা। রোমান্টিক-কমেডি ধাঁচের নাটকটির গল্প লিখেছেন পরিচালক নিজে। নাটকটিতে আরও অভিনয় করেছেন শিল্পী সরকার অপু, মাসুম বাশার, শাহেদ আলী সুজন, মাজনুন মিজান প্রমুখ।

## প্রণয় - পথিক সাধন




পথিক সাধনের পরিচালনায় ‘প্রণয়’ নাটকের মাধ্যমে নতুন জুটি হিসেবে আত্মপ্রকাশ ঘটেছে তানজিম সাইয়ারা তটিনী ও ইয়াশ রোহানের। রোমান্টিক ঘরানার নাটকটিতে দুজনের রসায়ন দর্শক বেশ পছন্দ করে। দুজনের কেমিস্ট্রি দেখার পর দর্শক এই জুটির আরো কাজ দেখতে চায়। ৪৬ মিনিট দৈর্ঘ্যের নাটকটি ইতিমধ্যে ১৪ লাখের বেশি দর্শক দেখেছে। নাটকটির গল্প, সংলাপ ও চিত্রনাট্য লিখেছেন নাসির খান। নাটকের গানটিও ছিল বেশ শ্রুতিমধুর।

## কাছের মানুষ - ইমরুল রাফাত




ইমরাউল রাফাতের পরিচালনায় ‘কাছের মানুষ’ নাটকটি দর্শকদের মাঝে বেশ সাড়া ফেলেছে এবারের ঈদে। পারিবারিক গল্প নিয়ে নির্মিত নাটকটিতে ফুটে উঠেছে এক কঠিন বাস্তবতার গল্প। বাবার মৃত্যুর পর বড় ভাই অপূর্বর দেশে ফেরার পর পরিবারের নানা সমস্যা, বাবার মৃত্যুর পরে পরিবারের বড় ছেলের ওপর যে কঠিন দায়িত্ব এসে পড়ে তা নিয়েই নাটকের গল্প। নাটকটিতে বড় ছেলের চরিত্রে অভিনয় করেছেন জিয়াউল ফারুক অপূর্ব। এতে আরও অভিনয় করেছেন মাসুম বাশার, মুনিরা মিঠু, তৌসিফ, তানিয়া বৃষ্টি প্রমুখ।

## কবর - রাফাত মজুমদার রিংকু



বছর দুয়েক আগে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এক অদ্ভূত ঘটনা ঘটেছিল, যা নিয়ে দেশজুড়ে আলোচনার সৃষ্টি হয়। এক মা মৃত সন্তান জন্ম দেন এবং তাকে যখন কবরে দাফন করতে নিয়ে যাওয়া হয়; সেসময় শিশুটি চিৎকার করে ওঠে। সত্য ঘটনার অনুপ্রেরণায় এবার ঈদে নির্মিত হয়েছে ‘কবর’। নাটকটির গল্প সাজিয়েছেন যোবায়েদ আহসান এবং পরিচালনা করেছেন রাফাত মজুমদার রিংকু। মুখ্য দুই চরিত্রে অভিনয় করেছেন ফারহান আহমেদ জোভান ও তাসনিয়া ফারিণ। নাটকে আরও অভিনয় করেছেন তারিক আনাম খান, মাসুম বাসার, মিলি বাসার, মাসুম রেজওয়ান সহ আরো অনেকে। এছাড়া রাফাত মজুমদার রিংকুর পারিবারিক আবহে সুন্দর একটি গল্পে ‘বন্ধন’ নাটকটিও বেশ আলোচনায় ছিল।

## শেষ ঘুম - রাগিব রাইহান




রহস্যময় এক গল্পে নির্মিত হয়েছে ‘শেষ ঘুম’ নাটকটি। এই নাটকে জুটি বেঁধে অভিনয় করেছেন তৌসিফ মাহবুব ও তানজিম সাইয়ারা তটিনী। রিজভী আহমেদের গল্পে এই নাটকটি নির্মাণ করেছেন তরুণ নির্মাতা রাগিব রাইহান। সাইকো থ্রিলার ঘরানার নাটকটি দর্শকেরা বেশ পছন্দ করেছে এবারের ঈদে। ৪০ মিনিট দৈর্ঘ্যের নাটকটি দর্শক মহলে সাড়া ফেলার বড় কারণ ভিন্ন গল্পের সুন্দর নির্মাণ।

## একটা ভুল ও ফুলের গল্প - মুরসালিন শুভ




জিয়াউল ফারুক অপূর্ব ও নাজিয়া হক অর্ষা অভিনীত ‘একটা ভুল ও ফুলের গল্প’ নাটকটি এবারের ঈদে গল্পের দিক থেকে বেশ ভালো নির্মাণ। নির্মাণ করেছেন মুরসালিন শুভ। অপূর্ব ও অর্ষা জুটিকে বেশ অনেকদিন পর একসাথে দেখা যায়। ভিন্নধর্মী কোনো গল্প নয়, তবে নির্মাতা চেনা গল্পকে ভিন্নভাবে উপস্থাপন করেছেন। সাংসারিক জীবনে স্বামী-স্ত্রীর ভুল বোঝাবুঝির গল্প দেখা যায় নাটকে। ৪২ মিনিট দৈর্ঘ্যের নাটকটিতে নারীর গুরুত্ব তুলে ধরা হয়।

## অবসরপ্রাপ্ত সন্ত্রাসী - মাবরুর রশিদ বান্নাহ




গায়ক ও সংগীত পরিচালক প্রীতম হাসানকে গানের জগত ছাড়াও রুপালি পর্দায় দেখা যায়। এবার ঈদে ‘অবসরপ্রাপ্ত সন্ত্রাসী’ নামের একটি নাটকে সন্ত্রাসীর চরিত্রে অভিনয় করেছেন তিনি। নাটকে দেখা যাবে, জেল থেকে সাজা খেটে মুক্ত হয় এক সন্ত্রাসী। ঠিক করে সন্ত্রাস আর করবে না। সৎভাবে জীবনযাপন করবে। কিন্তু তা শুরু করতে গিয়ে নানা ঘটনায় অতিষ্ঠ হয়ে পড়ে। নাটকটি নির্মাণ করেছেন মাবরুর রশিদ বান্নাহ। নাটকটিতে আরও অভিনয় করছেন মাখনুন মাহিমা ও সুমন আনোয়ার।